প্রাপ্তি নং ৭০৫৫
তারিখঃ ১৫/০৬/২৫
সহঃ কমিঃ (ভূমি), বেড়া,পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৩.৭৬০০.০২৮.১৪.০০২.১৮- ৭৫০৬

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা প্রদানে সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য পাবনা জেলার সকল উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকার আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের ০৪/০৬/২০২৫ হতে ১৮/০৬/২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ওয়েবপেজ (pabna.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর অন্তে (dcpabna@mopa.gov.bd) ইমেইল এবং হার্ড কপি ই-সেবা কেন্দ্র, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা তে দাখিলের জন্য বলা হলো। আবেদনের সাথে নিম্নে উল্লিখিত সকল কাগজাদি স্ক্যান করে সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

### পাবনা জেলার ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা

| ক্রমিক নং | উপজেলার নাম | ভূমি অফিসের নাম | ভূমি সেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা | সেবার নাম |
|---|---|---|---|---|
| ০১ | পাবনা সদর | উপজেলা ভূমি অফিস, পাবনা সদর | ০১ | ল্যান্ড সার্ভিসেস ফ্যাসিলিটেটিং সেন্টার (এলএসএফসি) |
| ০২ | ঈশ্বরদী | উপজেলা ভূমি অফিস, ঈশ্বরদী | ০১ | |
| ০৩ | আটঘরিয়া | উপজেলা ভূমি অফিস, আটঘরিয়া | ০১ | |
| ০৪ | চাটমোহর | উপজেলা ভূমি অফিস, চাটমোহর | ০১ | |
| ০৫ | ভাঙ্গুড়া | উপজেলা ভূমি অফিস, ভাঙ্গুড়া | ০১ | |
| ০৬ | ফরিদপুর | উপজেলা ভূমি অফিস, ফরিদপুর | ০১ | |
| ০৭ | সুজানগর | উপজেলা ভূমি অফিস, সুজানগর | ০১ | |
| ০৮ | সাঁথিয়া | উপজেলা ভূমি অফিস, সাঁথিয়া | ০১ | |
| ০৯ | বেড়া | উপজেলা ভূমি অফিস, বেড়া | ০১ | |

**অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:**

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে।

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে।

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে।

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে।

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না।

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে।

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে।

১০ সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে।

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে।

স্মারক নম্বর- ০৫.৪৩.৭৬০০.০২৮.১০.০১৩.২৫- ১৫০৫ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০৩ জুন ২০২৫

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৩। জেলা প্রশাসক, পাবনা।

০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা [তার অফিসের নোটিশবোর্ড, ওয়েব পোর্টাল, ফেসবুক ইত্যাদি মাধ্যমসহ ব্যাপক প্রচারের অনুরোধসহ]

০৫। সহকারী কমিশনার (ভূমি)(সকল), পাবনা [তার অফিসের নোটিশবোর্ড, ওয়েব পোর্টাল, ফেসবুক ইত্যাদি মাধ্যমসহ ব্যাপক প্রচারের অনুরোধসহ]

০৬। অফিস কপি/নোটিশ বোর্ড।

০৩/০৬/২৫

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
পাবনা
ফোনঃ ০২-৫৮৮৮৪৬০৩৯

বরাবর
জেলা প্রশাসক
পাবনা

বিষয়: ভূমিসেবায় এলএসএফসি পরিচালনার জন্য অনুমতিপত্র প্রাপ্তির আবেদন।

মহোদয়

আমি নিম্নস্বাক্ষরকারী.................................ভূমিসেবা সহায়তাকারী হিসাবে এলএসএফসি পরিচালনার অনুমতিপত্র প্রাপ্তির জন্য ছক অনুসারে তথ্য প্রদান করে ও প্রয়োজনীয় কাগজাদি সংযুক্তি করে আবেদন করছি।

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম ও যোগাযগের ঠিকানা: | | |
| | মোবাইল নম্বর | | ইমেইল (যদি থাকে): |
| | | | |
| ২। | এনআইডি নম্বর: | | টিআইএন:<br>ভ্যাট রেজি. নম্বর: |
| | কোন ব্যবসায়ী/পেশাজীবী সমিতির সদস্য হলে তার নাম: | | |
| | | | |
| ৩। | প্রস্তাবিত ভূমিসেবা সহায়তা কেন্দ্রের/এলএসএফসি'র অবস্থা: | জেলা:<br>উপজেলা/থানা/সার্কেল:<br>ইউনিয়ন/পৌরসভা: | |
| | কেন্দ্র উপযোগী স্থাপনা পরিচালনাধীন থাকলে তার বিবরণী: | | |
| | | | |
| ৪। | সেবা সহায়তা কেন্দ্রে লোকবল: | কম্পিউটার কর্মী: জন<br>কেন্দ্র ইনচার্জ: জন | |
| ৫। | কেন্দ্রে ব্যবহার্য ডিভাইস | কম্পিউটার: টি প্রিন্টার: টি<br>ল্যাপটপ: টি স্ক্যানার: টি<br>ইন্টারনেট সংযোগের উৎস:<br>অভ্যন্তরীণ নিরাপত্তায় ব্যবহৃত যন্ত্রাদি:<br>বিদ্যুতের উৎস ও বিকল্প উৎস আছে আছে কিনা:<br>অন্যান্য যন্ত্রাদি (নামসহ উল্লেখ করুন): | |
| | | | |
| ৬। | নাগরিকের সুবিধাদি (সংক্ষেপে উল্লেখ করুন): | | |
| | | | |

| | | |
|---|---|---|
| ৭। | নাগরিকের তথ্য ও রেকর্ড সুরক্ষার পরিকল্পনা (সংক্ষেপে উল্লেখ করুন): | |
| | | |
| ৮। | জরুরি যোগাযোগ বিকল্প ব্যক্তির নাম, ইমেইল ও মোবাইল নম্বর: | |

উপরের সকল তথ্য সঠিক। এ সব তথ্য বিবেচনা করে অনুমতিপত্রধারী হিসাবে নিয়োগপ্রাপ্ত হলে নির্দেশিকার সকল শর্ত মেনে চলবো এবং দেশে বলবৎ আইন ও সরকারের আইনগত আদেশ প্রতিপালন করবো।

নাম :

স্বাক্ষর :

ঠিকানা :

তারিখ :

মোবাইল নম্বর :

সংযুক্তি:

ক) ট্রেড লাইসেন্স।

খ) টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ (যদি থাকে)

গ) আবেদনকারীর ০২ (দুই) কপি ছবি

ঘ) এনআইডি'র কপি

ঙ) স্থাপনার মালিকানার দলিল বা চুক্তিনামা